প্রিয় পিতামাতা অথবা অভিভাবক:

নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্ (NYCPS) বিশ্বাস করে যে আমরা যখন শিক্ষার্থীদের মতামত শুনি, তখন আমাদের স্কুলগুলো অধিকতর শক্তিশালী হয়। দেশ জুড়ে ক্লাসরুমের অভিজ্ঞতা সম্পর্কে শিক্ষার্থীদের মতামত শিক্ষকদের কাছে প্রকাশের জন্য এই বছর শিক্ষার্থীদেরকে একটি গবেষণাভিত্তিক, গোপনীয় শিক্ষার্থী জরিপ 'প্যানোরমা এডুকেশন স্টুডেন্ট পারসেপশন সার্ভে' (প্যানোরমা এডুকেশন শিক্ষার্থী উপলব্ধি জরিপ)-এ অংশগ্রহণে আমন্ত্রণ জানানো হবে।

2024-25 স্টুডেন্ট পারসেপশন সার্ভে-তে (শিক্ষার্থীদের উপলব্ধি জরিপে) 6-12 গ্রেডের শিক্ষার্থীদের অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো হবে। এই জরিপটি 30 মিনিট বা এর চেয়ে কম সময়ে পূরণ করা যেতে পারে। জরিপটি 9 ডিসেম্বর থেকে 17 জানুয়ারি, 2025 পর্যন্ত চলবে এবং স্কুলগুলো সবচেয়ে সুবিধাজনক সময়ে জরিপ পরিচালনা করবে।

জরিপের প্রশ্নগুলো আপনার সন্তানের ক্লাসের অভিজ্ঞতা সম্পর্কে জানতে চাইবে, যেমন আপনার সন্তান তার শিক্ষকের কাছ থেকে কতটা সহায়তা পায়, এবং তার কাছে পাঠ্য বিষয়সমূহ আগ্রহব্যাঞ্জক মনে হয় কিনা। যদি আপনি আরও জানতে চান, অনুগ্রহ করে www.StudentPerceptionSurvey.nycযেখানে আপনি 2024-25 শিক্ষার্থী উপলব্ধি জরিপ বিষয়ে পড়তে অথবা আপনার স্কুলের সাথে যোগাযোগ করতে পারেন।

সকল জরিপের শিক্ষার্থী উত্তরদাতা অজ্ঞাতনামা থাকবে, এবং সেগুলি সম্পূর্ণ গোপনীয়, যার অর্থ স্কুলের কেউ জানবে না আপনার সন্তান কী উত্তর দিয়েছে। শিক্ষার্থীদেরকে জরিপে নিজেদের নাম বা ID নম্বর প্রদান করতে বলা হয় না। শিক্ষক যে রিপোর্ট পাবেন, তাতে কোনো শিক্ষার্থীর জবাব আলাদাভাবে দেখা যাবে না, সুতরাং আপনি ও আপনার সন্তান নিশ্চিত থাকতে পারেন যে তার দেওয়া জরিপের উত্তর গোপনীয় থাকবে।

জরিপটি ঐচ্ছিক। পরিবারেরা সন্তানের স্কুলে যোগাযোগ করে জরিপে অংশগ্রহণ থেকে নাম প্রত্যাহার করতে পারবেন। শিক্ষার্থীরা জরিপ পরিচালনার সময়ও সেটিতে অংশগ্রহণ থেকে নিজেদেরকে প্রত্যাহার করতে পারবে এমন কি আপনি যদি আপনার সন্তানের স্কুলে যোগাযোগ নাও করেন। এছাড়া, শিক্ষার্থী যদি নির্দিষ্ট কোনো প্রশ্নের উত্তর দিতে অস্বস্তিবোধ করে, তাহলে সেই প্রশ্নের জবাব না দিয়ে সেটি এড়িয়ে যেতে পারে।

আরও তথ্য অথবা জরিপের একটি কপি দেখতে চাইলে দয়া করে আপনার সন্তানের স্কুলে যোগাযোগ করুন।

আন্তরিকভাবে,

নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্

2024-25 স্টুডেন্ট পারসেপশন সার্ভে
পরিবারের জন্য বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলী (FAQ)
বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলি:

শিক্ষার্থীদের জরিপে অংশ নিতে বলা হচ্ছে কেন?

নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্ (NYCPS) বিশ্বাস করে যে শিক্ষার্থীদের ক্লাসরুমে পঠনপাঠন চর্চায় অর্জিত অভিজ্ঞতা নিয়ে তাদের ভাবনা সম্পর্কে মতপ্রকাশের সুযোগ থাকা উচিত। শিক্ষার্থীদের চাহিদা আরো ভালভাবে পূরণের উদ্দেশ্যে শিক্ষকদেরকে তাদের পদ্ধতি উন্নয়নে শিক্ষার্থীদের দেওয়া মতামত মূল্যবান তথ্য জোগায়। এছাড়া, শিক্ষকগণ নিজেদের চর্চার সুনির্দিষ্ট ক্ষেত্রে মানোন্নয়নের জন্যেও এসব তথ্য ব্যবহার করতে পারবেন; অর্থাৎ, যে ক্ষেত্রগুলোতে তারা ভালো করছেন এবং যে ক্ষেত্রগুলোতে ভালো করার সুযোগ রয়েছে। অনুগ্রহ করে জেনে রাখুন, এই স্টুডেন্ট পারসেপশন সার্ভে (শিক্ষার্থীদের উপলব্ধি জরিপটি) নিউ ইয়র্ক সিটির শিক্ষক উন্নয়ন ও মূল্যায়ন ব্যবস্থা *Advance*- (অ্যাডভান্স)-এর অংশ হিসেবে পরিচালিত হচ্ছে না। জরিপ থেকে প্রাপ্ত ফলাফলের উদ্দেশ্য কেবল গঠনমূলক।

কারা জরিপে অংশ নেবেন?

6-12 গ্রেডের শিক্ষার্থীদের জরিপে অংশগ্রহণ করতে বলা হবে। জরিপ পরিচালনার কমপক্ষে চার সপ্তাহ আগে শিক্ষার্থীদেরকে শিক্ষকের উচিত জরিপে অংশগ্রহণ বিষয়ে শেখানো।

জরিপে কী ধরনের প্রশ্ন রয়েছে?

38-টি প্রশ্ন নিয়ে জরিপটি তৈরি এবং তা কোনো সুনির্দিষ্ট শিক্ষক এবং তার ক্লাসরুম সম্পর্কে শিক্ষার্থীদের ধারণা ও দৃষ্টিভঙ্গি পরিমাপ করে। নির্দিষ্টভাবে, শিক্ষার্থীরা ছয়টি ক্ষেত্রে প্রশ্নের উত্তর দেবে: শিক্ষকতায় কার্যকারিতা, ক্লাসরুমের পরিবেশ, ক্লাসরুমে কঠোর প্রত্যাশা, ক্লাসরুমে সম্পৃক্ততা, ভাগাভাগি করা এবং অন্তর্ভুক্তিমূলক পাঠ্যক্রম, এবং শিক্ষক-শিক্ষার্থী সম্পর্ক। বিভিন্ন বিষয় জরিপে অন্তর্ভুক্ত হবে, সেগুলোর মধ্যে আছে শিক্ষার্থীরা কতটুকু সহায়তা পাচ্ছে বলে অনুভব করে এবং তাদের কাছে অনুশীলনী আকর্ষণীয় মনে হয় কিনা। এর পাশাপাশি 6-টি ঐচ্ছিক জনসংখ্যাতাত্ত্বিক প্রশ্নও থাকবে। জরিপের প্রশ্নগুলো পাওয়া যাবে www.StudentPerceptionSurvey.nyc ওয়েবপেজে 2024 স্টুডেন্ট পারসেপশন সার্ভে-তে।

শিক্ষার্থীদের জবাব কি কেউ দেখতে পাবে?

জরিপে শিক্ষার্থীদের সব জবাব সম্পূর্ণ গোপন রাখা হয়। কেউ কখনো জানতে পারবেন না কোন শিক্ষার্থী কী জবাব দিয়েছে এবং শিক্ষার্থীদেরকে তাদের নাম অথবা ID নম্বর দিতে বলা হবে না। নির্দিষ্ট শিক্ষার্থীর জবাব আলাদাভাবে শিক্ষকদের জানানো হবে না।

জরিপে আমার সন্তানের অংশগ্রহণ কি আবশ্যক?

না, পিতামাতা বা অভিভাবকেরা ছেলেমেয়ের স্কুল থেকে দেওয়া নির্দেশনা অনুসরণ করে জরিপ থেকে তাদের ছেলেমেয়ের নাম প্রত্যাহার করতে পারবেন। শিক্ষার্থীরাও জরিপ পরিচালনার সময় জরিপে অংশগ্রহণ থেকে অব্যাহতি নিতে পারে। এছাড়া, শিক্ষার্থীরা জবাব দিতে অনিচ্ছুক হলে জরিপের যেকোনো প্রশ্ন এড়িয়ে যেতে পারবে।

স্টুডেন্ট পারসেপশন সার্ভে (শিক্ষার্থীদের উপলব্ধি জরিপ) কখন পরিচালিত হবে?

9 ডিসেম্বর থেকে 17 জানুয়ারি 2025 সময় পরিসরে সমীক্ষা পরিচালনা করা হবে। এই সময়সীমার ভেতর কখনজরিপটি পরিচালনা করলে সবচেয়ে ভাল হয়, সেটা নির্ধারণের সুযোগ স্কুলগুলোর রয়েছে।